



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-১০/১২/২০২০খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক রংপুর মেডিকেল মোড়ের সামন থেকে দালাল চক্রের ০৪ সদস্য গ্রেফতার



অদ্য ১০/১২/২০২০ খ্রিঃ রংপুর মেট্রোপলিটন কোতয়ালী থানাধীন মেডিকেল মোড় (বাসস্ট্যাড) এর সামনে চলাচলের পাকা রাস্তার উপর থেকে দালাল চক্রের ০৪ সদস্যকে গ্রেফতার করা হয়।

ঘটনার বিবরণীতে জানা যায়, রংপুর মহানগরী এলাকার রংপুর মেডিকেল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার গুলোতে প্রত্যহ যেসকল অসুস্থ রোগী আসে তারা নানাভাবে দালাল চক্রের সম্মুখীন হচ্ছে এবং এই দালাল চক্রের সদস্যরা চিকিৎসা নিতে আসা রোগী ও তাদের লোকজনদের জোড় করে/বিভিন্ন প্রলোভন দেখিয়ে বিভিন্ন ডাক্তার ও ক্লিনিক থেকে অন্য ক্লিনিকে নিয়ে যাওয়ার চেষ্টা করছে।

উক্ত ঘটনার প্রেক্ষিতে, অদ্য ১০/১২/২০২০ খ্রিঃ দুপুর অনুমান ১২.৪৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায়, অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর অপারেশন পরিকল্পনায় পুলিশ পরিদর্শক জনাব মোঃ সামিউল আলম এর নেতৃত্বে, পুলিশ পরিদর্শক জনাব এবিএম ফিরোজ ওয়াহিদ, এসআই (নিঃ) নাজমুল ইসলাম, এসআই(নিঃ) বাবুল ইসলাম সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ কোতয়ালী থানাধীন রংপুর মেডিকেল মোড়স্থ বাসস্ট্যাডে সামনে বিভিন্ন এলাকা থেকে চিকিৎসা নিতে আসা রোগী ও তাদের লোকজনের সাথে প্রকাশ্যে রাস্তায় ভয়ভিত্তী প্রদের্শন করার অপরাধে দালাল চক্রের ০৪ জন সদস্যকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীরা হলো- ০১)মোঃ হেলাল মিয়া (৪৫), পিতা- মোঃ হোসেন, সাং- উত্তম বারোঘরিয়া, ওয়ার্ড-২ হাজীরহাট, ২) মোঃ রেজাউল ইসলাম (৪০), পিতা- মোঃ শহিদুল ইসলাম, সাং- গারাগ্রাম, থানা- কিশোরগঞ্জ, জেলা- নীলপামারী, ৩) মোঃ মশিউর রহমান (৩৮), পিতা- মোঃ মনতাজ আলী, সাং- সিও বাজার উত্তম চওরা পাড়া, ওয়ার্ড নং -২ থানা- হাজীরহাট, আরপি এমপি, ৪) মিলন রায় (২৮), পিতা- কান্দুরা বর্মণ, সাং- ইকরচালী দোহা জারী বারই পাড়া, থানা- তারাগঞ্জ, জেলা- রংপুর।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে আরপিএমপি কোতয়ালী থানায় নন-এফ.আই.আর প্রসিকিউশন দাখিল প্রক্রিয়াধীন

১০.১২.২০২০
(উত্তম প্রসাদ পাঠক)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১

